

সোনাতলা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ:

বাংলাদেশ একটি জনবহুল দেশ। স্বাধীনতা উত্তর জনসংখ্যা নিয়ন্ত্রণ তথা পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের দিকনির্দেশনা মোতাবেক রাজশাহী বিভাগের বগুড়া জেলার সোনাতলা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় কাজ করে যাচ্ছে। ফলে জনসংখ্যা বৃদ্ধির হার কমে এখন ১.১৭% দাড়িয়েছে। বর্তমানে জাতীয় পর্যায়ে টিএফআর ২.৩। সোনাতলা উপজেলার টিএফআর ২.০১ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৪৫%। এছাড়া অর্পূর্ণ চাহিদার হার জাতীয় পর্যায়ে ১২% (২০১৪ বিডিএইচএস) এবং ড্রপ আউট রেট ৩০% এ কমে এসেছে। মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ গর্ভবতী সেবার ব্যবস্থা করা হয়েছে। ফলশ্রুতিতে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাস পেয়েছে এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারীর হার বৃদ্ধি পেয়েছে। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য “বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০১২” গ্রন্থীত হয়েছে। বগুড়া জেলার সোনাতলা উপজেলা উপরোক্ত অধিকাংশ সূচকে এগিয়ে রয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বাংলাদেশের জনসংখ্যার প্রায় ২৩% কিশোর কিশোরী। এই অল্পবয়সী বিশাল জনগোষ্ঠির একটা বড় অংশ বিবাহিত জীবনে প্রবেশ করে স্বল্প প্রজনন স্বাস্থ্য বিষয়ক ধারণা নিয়ে; এদের সম্পূর্ণভাবে পরিবার পরিকল্পনা সেবার আওতায় আনা, শহরাঞ্চলে গড়ে ওঠা বস্তিবাসীদের এবং দুর্গম চরাঞ্চলে বসবাসরত বিপুল সংখ্যক দম্পত্যিক পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমের আওতায় আনা দূরত্ব হয়ে পড়েছে। বাল্য বিবাহ বন্ধ করা, স্থায়ী পদ্ধতিতে পুরুষের অংশগ্রহণ বৃদ্ধি করা, অর্পূর্ণ চাহিদা কমিয়ে আনা, পদ্ধতিভিত্তিক ড্রপআউট কমিয়ে আনা, দুর্গম এলাকায় পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ অন্যতম চ্যালেঞ্জ। বাংলাদেশের সামগ্রিক সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলায় রাজশাহী বিভাগের অগ্রগতি ধরে রাখা এবং কোন কোন সূচকে অগ্রগতি বৃদ্ধি করা প্রয়োজন।